

তথ্য কমিশন
প্রত্নতত্ত্ব ভবন (৩য় তলা)
এফ-৪/এ, আগারগাঁও প্রশাসনিক এলাকা
শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭

অভিযোগ নং : ৬৪/২০১৪

অভিযোগকারী : জনাব মিঠুন বর্মন
পিতা-কমালাকান্ত বর্মন
গ্রাম-বিটিপাড়া
পোষ্ট-বিটিপাড়া
শ্রীপুর, গাজীপুর।

প্রতিপক্ষ : জনাব জামিনুল হক
সাব রেজিষ্ট্রার
ও
দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই),
সাব রেজিষ্ট্রার কর্মকর্তার কার্যালয়,
শ্রীপুর, গাজীপুর।

সিদ্ধান্তপত্র।

(তারিখ : ১৭-০৭-২০১৪ ইং)

অভিযোগকারী জনাব মিঠুন বর্মন ০৮-০৫-২০১৪ তারিখে তথ্য অধিকার আইন, ২০০৯ এর ৮(১) ধারা অনুসারে
জনাব জামিনুল হক, সাব রেজিষ্ট্রার ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই), সাব রেজিষ্ট্রার কর্মকর্তার কার্যালয়, শ্রীপুর,
গাজীপুর বরাবরে রেজিস্ট্রার্ড ডাকযোগে নিম্নলিখিত তথ্য জানতে চেয়ে আবেদন করেন-

- জমির দলিল রেজিস্ট্রেশন নিয়ামাবলীর কপি।

০২। তথ্য প্রাপ্তির আবেদন গ্রহণ না করে ফেরৎ পাঠালে তিনি ১৯-০৬-২০১৪ তারিখে তথ্য কমিশনে অভিযোগ দাখিল
করেন।

০৩। বিষয়টি কমিশনের ২৯-০৬-২০১৪ তারিখের সভায় আলোচনা করা হয়। সভার সিদ্ধান্ত অনুযায়ী অভিযোগের
বিষয়ে ১৭-০৭-২০১৪ তারিখ শুনানীর দিন ধার্য করে সংশ্লিষ্ট পক্ষগণের প্রতি সমন জারী করা হয়।

০৪। শুনানীর ধার্য তারিখে অভিযোগকারী জনাব মিঠুন বর্মন অসুস্থ্যতার কারণ দেখিয়ে গরহাজির। কিন্তু প্রতিপক্ষ
জনাব জামিনুল হক, সাব-রেজিষ্ট্রার ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই), সাব-রেজিষ্ট্রার কর্মকর্তার কার্যালয়, শ্রীপুর,
গাজীপুর হাজির। সাব-রেজিষ্ট্রার ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই), সাব রেজিষ্ট্রার কর্মকর্তার কার্যালয়, শ্রীপুর, গাজীপুর
তার বক্তব্যে উল্লেখ করেন যে, অভিযোগকারীর তথ্য প্রাপ্তির আবেদন প্রাপ্ত না হওয়ায় তথ্য সরবরাহ করা সম্ভব হয়নি।
অভিযোগকারীর প্রার্থীত তথ্য সাথে এনেছেন এবং তা সরবরাহ করবেন মর্মে নিশ্চয়তা প্রদান করেন।

পর্যালোচনা।

দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) এর বক্তব্য শ্রবনাত্তে এবং দাখিলকৃত প্রমাণাদি পর্যালোচনাত্তে পরিলক্ষিত হয়
যে, দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) অভিযোগকারীর তথ্য প্রাপ্তির আবেদন প্রাপ্ত হননি। দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই)
অভিযোগকারীর প্রার্থীত তথ্য সরবরাহ করার নিশ্চয়তা প্রদান করায় অভিযোগটি নিষ্পত্তিযোগ্য মর্মে প্রতীয়মান হয়।

(অঃপঃদ্রঃ)

সিদ্ধান্ত।

বিস্তারিত পর্যালোচনাতে নিম্নলিখিত নির্দেশনা প্রদানপূর্বক অভিযোগটি নিষ্পত্তি করা হলো :-

- ১। তথ্যের মূল্য পরিশোধ সাপেক্ষে আগামী ২৪-০৭-২০১৪ তারিখ বা তদ্পূর্বে অভিযোগকারীকে তার প্রার্থীত তথ্য সরবরাহ করার জন্য সাব-রেজিস্ট্রার ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই), সাব-রেজিস্ট্রার কর্মকর্তার কার্যালয়, শ্রীপুর, গাজীপুর-কে নির্দেশনা দেয়া হলো।
- ২। তথ্য অধিকার আইন, ২০০৯ এর ধারা-৯ এবং তথ্য অধিকার (তথ্য প্রাপ্তি সংক্রান্ত) বিধিমালা, ২০০৯ এর বিধি-৮ অনুযায়ী সরবরাহকৃত তথ্যের মূল্য বাবদ আদায়কৃত অর্থ ১-৩৩০১-০০০১-১৮০৭ নং কোডে সরকারী কোষাগারে জমা প্রদানের জন্য দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) কে নির্দেশ দেয়া হলো।
- ৩। নির্দেশনা বাস্তবায়ন/প্রতিপালন করে তথ্য কমিশনকে অবহিত করার জন্য উভয়পক্ষকে বলা হলো।

সংশ্লিষ্ট পক্ষগণকে অনুলিপি প্রেরণ করা হোক।

স্বাক্ষরিত
(মোহাম্মদ ফারহক)
প্রধান তথ্য কমিশনার